



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৭.৩২.০০১.১৯.১৪৭

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৭
১২ আগস্ট ২০২০

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (এম.পি.ও কোড- ৫২০৫০১১২০৪) এর শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বন্ধ থাকার বিষয়ে উক্ত প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ সহকারী শিক্ষক স্মারক নং- লা.হে.নি.মা.বি/২০২০/১৩; তারিখ: ১৪/০৬/২০২০ খ্রি. মোতাবেক জেলা শিক্ষা অফিসারের অগ্রায়ণপত্রসহ অত্র দপ্তরে একখানা আবেদনপত্র দাখিল করেন।

২। দাখিলকৃত পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তর কর্তৃক স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩২.০০১.১৯.৩৫; তারিখ: ২৬/০৬/২০২০ খ্রি. মোতাবেক প্রতিষ্ঠানে বর্তমানে কোন কমিটি না থাকায় শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা:১১/২(২)/৯৯(অংশ-১)/১২৮৮; তারিখ: ০৫/১০/২০০২ খ্রি. জারীকৃত পরিপত্রের আলোকে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার (ইউ.এন.ও) ও প্রতিষ্ঠান প্রধানের যৌথ স্বাক্ষরে বেতন-ভাতা উত্তোলনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু উক্ত নির্দেশনার পরও জেলা শিক্ষা অফিসার, ভোলা এর স্মারক নং- জে.শি.অ/ভোলা/২০২০/৫৫৪; তারিখ: ২৭/০৭/২০২০ খ্রি. এবং উপজেলা শিক্ষা অফিসার, লালমোহন, ভোলা এর স্মারক নং- উমাশিঅ/লাল/২০২০/২২৭; তারিখ: ২৬/০৭/২০২০ খ্রি. কর্তৃক প্রেরিত প্রতিবেদন অনুযায়ী প্রধান শিক্ষক উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করেননি।

এমতাবস্থায়, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার বিলে স্বাক্ষর না করার কারণে কেন আপনার বিরুদ্ধে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা- ২০১৮ এর অনুচ্ছেদ ১৮ এর উপানুচ্ছেদ ১৮.১(খ) ও ১৮.১(চ) মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার ব্যাখ্যা পত্র জারীর তারিখ পরবর্তী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রম অনুরোধ করা হলো।

১২-৮-২০২০

চন্দ্র শেখর হালদার
শিক্ষা কর্মকর্তা মাধ্যমিক-১

প্রধান শিক্ষক
লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয়,
লালমোহন, ভোলা


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৭.৩২.০০১.১৯.১৪৭/১(৬)

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৭
১২ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল

- ২) জেলা শিক্ষা অফিসার, ভোলা [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমোহন, ভোলা [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৫) পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৬) সংরক্ষণ নথি



১২-৮-২০২০

চন্দ্র শেখর হালদার
শিক্ষা কর্মকর্তা মাধ্যমিক-১